

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদপ্তর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংস্পর্কক ১ ০২-৯৯৬৬৬১৩৭৩ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর:০৬

ময়মনসিংহেও পালিত হচ্ছে জাতীয় মৎস্য সপ্তাহ

ময়মনসিংহ (২৪ জুলাই, ২০২৩ খ্রি.):

‘নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারাদেশের ন্যায় ময়মনসিংহেও জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ পালিত হচ্ছে। দেশের মৎস্য সম্পদ উন্নয়ন ও সংরক্ষণে জনগণকে অধিকতর সচেতন ও সম্পৃক্ত করার লক্ষ্যে ২৪-৩০ জুলাই/২৩ সাত দিনব্যাপী জাতীয় এ মৎস্য সপ্তাহ উদ্‌যাপন সরকারের মূল উদ্দেশ্য।

জেলা মৎস্য দপ্তরের উদ্যোগে আয়োজিত মৎস্য সপ্তাহের ১ম দিনে জেলা মৎস্য দপ্তর ময়মনসিংহের সম্মেলনকক্ষে মৎস্য সম্পদের সুরক্ষা ও সমৃদ্ধি অর্জনে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। পাশাপাশি মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হয়।

এ লক্ষ্যে ২৫ জুলাই ২য় দিন সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন পুকুরে পোনামাছ অবমুক্তকরণ করা হবে। সকাল ১০:১৫ ঘটিকায় ব্যানার ফেস্টুন সহযোগে সড়ক বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়। র্যালি শেষে ময়মনসিংহ জেলা পরিষদের ভাষা শহীদ আম্দুল জব্বার মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা এবং পুরস্কার বিতরণের আয়োজন করা হয়েছে। ময়মনসিংহ জেলা প্রশাসক মো: মোস্তাফিজার রহমানের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন মান্যবর বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। সেই সাথে প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হবে।

কর্মসূচির ৩য় দিনে প্রান্তিক পর্যায়ের মৎস্যচাষী ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময়ের আয়োজন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ৪র্থ ও ৫ম দিনে উপজেলার গুরুত্বপূর্ণ এলাকায় মৎস্যচাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান ও পুকুর/জলাশয়ের পানির ভৌত-রাসায়নিক পরীক্ষা এবং মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করা হয়েছে বলে উল্লেখ করা হয়।

সুফলভোগীদের প্রশিক্ষণ, বৈধ জাল, বিকল্প কর্মসংস্থানের উপকরণ, মৎস্য খাদ্য বিতরণ ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে জাতীয় মৎস্য সপ্তাহের ৬ষ্ঠ দিনটি অতিবাহিত হবে বলে কর্মসূচিতে তুলে ধরা হয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহে মূল্যায়ন পর্বের মাধ্যমে সপ্তাহব্যাপী অনুষ্ঠানমালার সমাপন হবে বলে কর্মসূচিতে জানানো হয়।

#

মনির/রিদওয়ান/দেওয়ান/হদা/রেজভী/সজিব/২০২৩/১৬.০০ ঘণ্টা